



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০২.২০-৯০

তারিখ: ০৪ ফাল্গুন, ১৪২৭  
১৭ ফেব্রুয়ারি, ২০২১

বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন প্রসঙ্গে

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে আয়োজিত সভায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে নিয়োক্ত কর্মসূচি গৃহীত হয়:

ক্রমিক নং	কর্মসূচি
০১	একুশে ফেব্রুয়ারি ২০২১ এ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে। পতাকার সঠিক মাপ ও উত্তোলনের নিয়ম মেনে পতাকা অর্ধনমিত রাখতে হবে।
০২	যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে।
০৩	সকল জেলা ও উপজেলা সদরে জেলা/উপজেলা প্রশাসন বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে। উক্ত কর্মসূচিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীগণ জাতীয় কর্মসূচির ন্যয় প্রতিষ্ঠানের ব্যানারে প্রতিষ্ঠান প্রতি ০৫ জন করে শিক্ষক/শিক্ষার্থী অংশগ্রহণ করবেন।
০৪	শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিশু শিক্ষার্থীদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে।

এমতাবস্থায়, কার্যবিবরণীতে উল্লিখিত কর্মসূচিসমূহ বাস্তবায়নপূর্বক যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ পালনের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ইমেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা

নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০২.২০-৯০(৮)

তারিখ: ০৪ ফাল্গুন, ১৪২৭  
১৭ ফেব্রুয়ারি, ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৬. সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার/ পরীক্ষা নিয়ন্ত্রক / পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২- ৯৬৭৪৮৭৪

ইমেইল: dradmin@bmeb.gov.bd